দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 MAR 1995
পৃষ্ঠা ৮ কলাম ৭

54

# বরিশালে শিক্ষাবোর্ড স্থাপনের বিষয়টি অনিশ্চিত

স্টাফ রিপোর্টার, বরিশাল থেকে।- বরিশালে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড স্থাপনের বিষয়টি রহস্যজনক কারণে ফাইলচাপা পড়েছে। বিগত সরকারের আমলে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড স্থাপনের বিষয়টি অনেক দূর পর্যন্ত এগিয়েছিল। এ তথ্য নির্ভরযোগ্যসূত্রের।

সূত্রটি জানিয়েছে, ১৯৯০ সালের ৫ জুলাই তৎকালীন প্রধানমন্ত্রী স্থানীয় জগদীশ সারস্বত বালিকা বিদ্যালয়ে শিক্ষক সমিতি ফেডারেশনের এক সভায় বরিশালে অবিলম্বে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড স্থাপন করা হবে বলে প্রতিশ্রুতি দেন। প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ১৯৯০ সালের " সেপ্টেম্বরে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভায় বরিশালে একটি শিক্ষাবোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত হয়। সে সাথে সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য একই বছরের ১৮ সেপ্টেম্বর প্রধানমন্ত্রী শিক্ষা সচিবকে নির্দেশ দেন। শিক্ষা মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের কয়েকজন কর্মকর্তা পরবর্তীতে বরিশালে শিক্ষাবোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের জন্য স্থান নির্বাচন করতে আসেন। এই দলটি বরিশাল সেচ প্রকল্পের পরিত্যক্ত ভবনগুলো নির্বাচন করেন।

পরবর্তীতে ঐ সরকারের সময়েই শিক্ষা উপদেষ্টা একই বছরের ২৪ সেপ্টেম্বর বরিশাল সরকারী মহিলা কলেজের এক সভায় খুব শীঘ্রই বরিশালে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড এবং শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় স্থাপনের কাজ শুরু হবে বলে জানান।

১৯৯০ সালের ডিসেম্বরে রাজনৈতিক পট পরিবর্তনের কারণে বিগত সরকারের গ্রহণকৃত অধিকাংশ প্রকল্পের মতো বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড স্থাপনের বিষয়টি অনিশ্চিত হয়ে পড়ে।

শিক্ষামন্ত্রণালয়ের একটি নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে, বরিশালে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড স্থাপনের বিষয়টি অনিশ্চিত। সরকারের তরফ থেকে এ বিষয়ে কোন উদ্যোগ নেই। ফলে বরিশালে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড কবে নাগাদ স্থাপিত হবে তা কেউ জানে না। উল্লেখ করা যেতে পারে, সাবেক রাষ্ট্রপতি মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমানও বরিশালে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড স্থাপনের প্রতিশ্রুতি দিয়েছিলেন।